

দাখিল আলিম ফাজিল
কামিল পরীক্ষা '০৩

৮টি জোনে কেন্দ্র সচিবদের
প্রশিক্ষণ ২৭ ফেব্রুয়ারী

খেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ মানবসম্পদ শিক্ষা
বোর্ডের উদ্যোগে ২০০৩ সালের দাখিল
আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা নকলমুক্ত
পরিবেশে গ্রহণের লক্ষ্যে কেন্দ্র সচিবদের
প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে
৮টি জোনে উক্ত কর্মসূচী বাস্তবায়ন করা
হবে। ইতোমধ্যে ঢাকা, বরিশাল ও রাজশাহী
বিভাগের কেন্দ্র সচিবদের প্রশিক্ষণ কার্যক্রম
সম্পন্ন হয়েছে।

আগামী ২৭ ফেব্রুয়ারী রোজ বৃহস্পতিবার
খুলনা বিভাগের কেন্দ্র সচিবদের প্রশিক্ষণ
যশোর শহরস্থ যশোর আমিনিয়া আলিয়া
মাদরাসা অডিটোরিয়ামে এবং কুমিল্লা,
চাঁদপুর, বি-বাড়ীয়া সিলেট, মৌলভীবাজার,
হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলার কেন্দ্র সচিবদের
কুমিল্লা শহরস্থ 'ইসলামিয়া আলিয়া মাদরাসা
(চকবাজার) অডিটোরিয়ামে' প্রশিক্ষণের
আয়োজন করা হয়েছে।

উল্লিখিত জেলাসমূহের সকল কেন্দ্র সচিবকে
সংশ্লিষ্ট প্রশিক্ষণ ভেন্যুতে সকাল ৯টায়
উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।